ভোরের কাগজ

তারিখ: 13 1 JAN 2003
পৃষ্ঠা ২ কলাম ৬

১০টায়।

# কিশোরগঞ্জ আদালতে শিক্ষামন্ত্রীর বিরুদ্ধে মামলা

কিশোরগঞ্জ প্রতিনিধি : অনুচিত প্রভাব খাটিয়ে অবৈধভাবে জেলার তাড়াইল মুক্তিযোদ্ধা কলেজে প্রিন্সপাল নিয়োগের অভিযোগে কিশোরগঞ্জ-৪ (তাড়াইল-করিমগঞ্জ) আসনের সংসদ সদস্য শিক্ষামন্ত্রী ও কলেজ ম্যানেজিং কমিটির সভাপতি ড. এম ওসমান ফারুকসহ ৯ জনের বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে।

তাড়াইল মুক্তিযোদ্ধা কলেজের প্রতিষ্ঠাতা সাবেক উপজেলা চেয়ারম্যান বিশিষ্ট মুক্তিযোদ্ধা ইশরাত উদ্দিন বাবুলের গত বুধবার দায়েরকৃত মামলার পরিপ্রেক্ষিতে গতকাল বৃহস্পতিবার তাড়াইল সহকারী জজ আদালতের বিচারক মোঃ রশীদ এক আদেশে প্রিন্সিপাল নিয়োগের বিরুদ্ধে অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেন।

মামলার সংক্ষিপ্ত বিবরণে জানা যায়, ইতিপূর্বে শিক্ষামন্ত্রী এবং ম্যানেজিং কমিটির কতিপয় সদস্য প্রভাব খাটিয়ে পারস্পরিক যোগসাজশে বেআইনি ও অবৈধভাবে সহকারী অধ্যাপক এটিএম মোস্তফাকে প্রিন্সিপাল নিয়োগ করেন।